

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৬৩০

আগরতলা, ৫ ফেব্রুয়ারি, ২০২৫

ভগবান বিরসা মুন্ডা ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

যুব সমাজকে নেশার কবল থেকে মুক্ত রাখার

অন্যতম মাধ্যম হচ্ছে খেলাধুলা : খাদ্যমন্ত্রী



যুব সমাজকে নেশার কবল থেকে মুক্ত রাখার অন্যতম মাধ্যম হচ্ছে খেলাধুলা। আজ উমাকান্ত ফুটবল স্টেডিয়ামে জনজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে আয়োজিত ভগবান বিরসা মুন্ডা ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করে একথা বলেন খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী। তিনি বলেন, ব্রিটিশের বিরুদ্ধে লড়াইয়ে ভগবান বিরসা মুন্ডা জনজাতি সমাজকে একত্রিত করেছিলেন। এই অবদানের জন্য আজও জনজাতি সমাজ তাঁকে শ্রদ্ধা ও নিষ্ঠার সাথে স্মরণ করে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও বিরসা মুন্ডাকে ভগবান হিসেবে দেখেন এবং প্রতি বছর তার জন্মদিনে উপস্থিত থেকে শ্রদ্ধা নিবেদন করেন ও জনজাতি সমাজকে সম্মোধন করেন।

অনুষ্ঠানে খাদ্যমন্ত্রী আরও বলেন, এই ধরনের প্রতিযোগিতামূলক খেলাধুলা রাজ্যের জাতি, জনজাতি অংশের মানুষের মধ্যে সৌভাগ্যের বন্ধন তৈরি করতে সহায়ক ভূমিকা পালন করবে। নেশামুক্ত সমাজ গঠনের ফলে এক ত্রিপুরা, শ্রেষ্ঠ ত্রিপুরার স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে আরও একধাপ এগিয়ে যাবে বলে তিনি আশা প্রকাশ করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা, আগরতলা পুরনিগমের মেয়র ও বিধায়ক দীপক মজুমদার, বিধায়ক মীনা রাণী সরকার, জনজাতি কল্যাণ দপ্তরের সচিব বিজেশ পাণ্ডে, জনজাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা শুভাশিস দাস প্রমুখ।

উল্লেখ্য, এই ফুটবল টুর্নামেন্ট চলবে আগামী ৮ ফেব্রুয়ারি পর্যন্ত। টুর্নামেন্টে রাজ্যের ৮টি জেলা থেকে জনজাতি হোস্টেলগুলির ছাত্রছাত্রীদের ১৬টি দল অংশগ্রহণ করেছে। এই ফুটবল টুর্নামেন্টের মৌগান হচ্ছে ‘ফুটবল ইজ গেম, ড্রাগস আর শেইম’।
